



বাসা বরাদ্দ কমিটি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং-চুয়েট/বাসা বরাদ্দ বিজ্ঞপ্তি - ৭৯৪

১৪ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ

৩০ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

-ঃ বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং কর্মকর্তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত নিম্নে উল্লেখিত একক বাসা/পারিবারিক বাসা/একক সিট সমূহ অনুমোদিত বাসা বরাদ্দ নীতিমালা মোতাবেক বরাদ্দ প্রদানের লক্ষ্যে আগ্রহী শিক্ষক এবং কর্মকর্তাদের নিকট থেকে বাসা বরাদ্দ কমিটি কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত ফরমটি www.cuet.ac.bd (Downloadable Forms/Security Section/House Application Form) -এ পাওয়া যাবে। আবেদনপত্রে সকল তথ্যের কলামসমূহ যথাযথভাবে পূরণ পূর্বক আগামী ০৮/১১/২০২২ইং তারিখ, মঙ্গলবার, বেলা ৩ঃ৩০ ঘটিকার মধ্যে) নিরাপত্তা শাখায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হল।

ক্রমিক	চিহ্নিত বাসা নং	বাসার শ্রেণী	শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রযোজ্য	বরাদ্দের ধরণ
০১.	ঙ-১/২, ঙ-১/৪	একক বাসা	সকল শিক্ষকের জন্য নির্ধারিত	নীতিমালা অনুযায়ী
০২.	ট-১০১ (এ,বি), ট-১০২(এ,বি), ট-১০৪ (এ,বি)	একক সিট	সকল শিক্ষকের জন্য নির্ধারিত	নীতিমালা অনুযায়ী
০৩.	জ-২/২	পারিবারিক বাসা	৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য নির্ধারিত	নীতিমালা অনুযায়ী
০৪.	০১ নং কক্ষে একটি সিট	একক সিট	৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য নির্ধারিত	নীতিমালা অনুযায়ী

বিশেষ দৃষ্টব্যঃ ৬ মাসের জন্য এডহক এবং চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বাসা বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন করার প্রয়োজন নেই। ভিন্ন ভিন্ন বাসার জন্য ভিন্ন ভিন্ন ফরমে আবেদন করতে হবে। বাসা বরাদ্দ কমিটি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে উক্ত বিজ্ঞপ্তিটির আংশিক বা সম্পূর্ণ বাতিল, পরিবর্তন অথবা স্থগিত করতে পারে।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে-

সদস্য সচিব

বাসা বরাদ্দ কমিটি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

১৪ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ

৩০ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

স্মারক নং-চুয়েট/বাসা বরাদ্দ বিজ্ঞপ্তি - ৭৯৪ (০৫)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (সিনিয়রিটি অনুযায়ী নয়) :

০১. সকল ডীন/সকল পরিচালক/সকল বিভাগীয়/সকল প্রভোস্ট (বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগত করার অনুরোধ সহকারে), চুয়েট।
০২. সকল সদস্য, বাসা বরাদ্দ কমিটি, চুয়েট।
০৩. পরিচালক, আইআইসিটি (উক্ত বিজ্ঞপ্তিটি অত্র বিশ্ববিদ্যালয়ের Website-এ প্রকাশের অনুরোধ সহকারে), চুয়েট।
০৪. উপ-পরিচালক (জনসংযোগ), ভিসি মহোদয়ের অবগতির জন্য।
০৫. সংরক্ষণ নথি।

সদস্য সচিব

বাসা বরাদ্দ কমিটি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়